

শাক হুমকিলা

তারিখ
সূত্রা

19/2002

শিক্ষা প্রতিষ্ঠানসমূহকে একাডেমিক তৎপরতার মূল কেন্দ্রবিন্দুতে পরিণত করতে হবে প্রধানমন্ত্রী

বাসস : প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়া বলেছেন, শিক্ষাসনে শিক্ষার মান বৃদ্ধির জন্য শিক্ষা প্রতিষ্ঠানসমূহকে একাডেমিক তৎপরতার মূল কেন্দ্রবিন্দুতে পরিণত করা উচিত।
শিক্ষা সংস্কার প্রশ্নে বিশেষজ্ঞ কমিটির একটি রিপোর্ট গ্রহণকালে গতকাল (বৃহস্পতিবার) তিনি একথা বলেন।

প্রধানমন্ত্রী বলেন, শিক্ষার মান উন্নয়নে শিক্ষক, ছাত্র-ছাত্রী, অভিভাবক ও বুদ্ধিজীবী সমাজকে নিজ নিজ ভূমিকা পালন করতে হবে। তিনি বলেন, যোগ্যতার ভিত্তিতে শূন্যপদে শিক্ষক নিয়োগের জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে ইতোমধ্যেই নির্দেশ দেয়া হয়েছে। শিক্ষা সংস্কারের লক্ষ্যে গত বছর ৭-এর পৃঃ ৪-এর কঃ দেখুন

প্রধানমন্ত্রী

২৪ ডিসেম্বর রাজশাহী বিশ্ববিদ্যালয়ের সাবেক ভিসি প্রফেসর এম এ বারীর নেতৃত্বে ৪৬ সদস্যের একটি কমিটি গঠন করা হয়। পরে আরো ৫ সদস্য কো-অপট করা হয়। বেগম জিয়া কমিটির সদস্যদেরকে তাদের কাজের জন্য ধন্যবাদ জানিয়ে বলেন, এই রিপোর্ট পরীক্ষা-নিরীক্ষার পর সরকার পরবর্তী কার্যক্রম গ্রহণ করবে।
শিক্ষামন্ত্রী ডঃ ওসমান ফারুক, শিক্ষা প্রতিমন্ত্রী আ ন ম এহসানুল হক মিলন, প্রধানমন্ত্রীর প্রাথমিক ও গণশিক্ষা বিষয়ক উপদেষ্টা অধ্যাপিকা জাহানারা বেগম, শিক্ষা উপমন্ত্রী আব্দুস সালাম পিটু, ঢাকা বিশ্ববিদ্যালয়ের সাবেক ভিসি প্রফেসর এমাজউদ্দীন আহমদ, ঢাকা বিশ্ববিদ্যালয়ের ভাইস চ্যান্সেলর প্রফেসর আনোয়ারুল্লাহ চৌধুরী ও কমিটির সদস্য সচিব এম এ ওহাব এ সময় উপস্থিত ছিলেন।